

15 March-2014, page-1st

মাহাথির মোহাম্মদ ঢাকা আসছেন আজ

স্টাফ রিপোর্টার: আধুনিক
মালয়েশিয়ার রূপকার ও সাবেক
প্রধানমন্ত্রী মাহাথির বিন মোহাম্মদ ২
দিনের সফরে ঢাকায় আসছেন আজ
শনিবার সকাল। ইউনিভার্সিটি অব
ইনফরমেশন টেকনোলজি এন্ড
সায়েন্সেস'র (ইউআইটিএস) দ্বিতীয়
সমাবর্তনে যোগ দেবেন তিনি।

এদিন বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন
কেন্দ্রে ইউআইটিএস'র সমাবর্তনে
'সমাবর্তন বক্তা' হিসেবে উপস্থিত
থাকবেন। আগামীকাল রোববার তিনি
ঢাকা ছাড়বেন। (২-এর পৃষ্ঠার ৪ কলাম)

ঢাকা আসছেন আজ

(১ম পৃঃ ১-এর কঃ পর)

সফরকালীন সময়ে মাহাথির মোহাম্মদ
প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা
করবেন। এ ছাড়া গণমাধ্যমের সঙ্গেও
মাহাথির মোহাম্মদের আলাপের ব্যবস্থা
করবে ইউআইটিএস।